



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
প্রশিক্ষণ ও শারীরিক শিক্ষা শাখা  
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলি রোড, ঢাকা  
www.dme.gov.bd



তারিখ: ৮ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ  
২৩ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৬.২১.০০১.১৮.১০৮

বিষয়: প্রত্যেক মাদ্রাসার অফিস ব্যবস্থাপনার জন্য প্রিন্টারসহ কম্পিউটার ব্যবহার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, '২০৪১ সনের মধ্যে স্মার্ট ও উন্নত বাংলাদেশ' গঠনে ইতোমধ্যে সরকারি/বেসরকারি/স্থানীয় সহযোগিতায় অনেক মাদ্রাসায় মাল্টিমিডিয়া ইলেক্ট্রনিক স্লায়াব/কম্পিউটার স্লায়াব স্থাপন করা হয়েছে। এছাড়া প্রায় সকল মাদ্রাসায় প্রভাষক (আইসিটি)/সহকারী শিক্ষক (আইসিটি)/অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর/ অফিস সহকারী কাম হিসাব সহকারী পদে শিক্ষক/কর্মচারী কর্মরত থাকা সত্ত্বেও পরিদর্শকালে প্রতিয়মান হয়েছে যে, অধিকাংশ মাদ্রাসায় দাপ্তরিক কাজে প্রশ্নপত্র প্রণয়ন, রেজুলেশন তৈরী, হিসাব সংরক্ষণ ইত্যাদি) উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট কোন বিষয়ে আবেদন, অনলাইন এমপিও আবেদন, সংশোধনী আবেদন ইত্যাদির কার্যক্রমসমূহ মাদ্রাসায় না করে নিকটতম বাজার/দোকানে গিয়ে করে থাকেন। ফলে মাদ্রাসার দাপ্তরিক পোপনীয়তা বিহ্বল হওয়াসহ বিভিন্ন ডকুমেন্টসের জাল-জালিয়াতির সুযোগ সৃষ্টি হচ্ছে। ফলশুতিতে শিক্ষক-কর্মচারীদের এমপিওভুক্তিসহ বিভিন্ন কার্যক্রমে জটিলতা তৈরী হচ্ছে। এধরনের জাল-জালিয়াতির কারণে অনেক মাদ্রাসায় অধ্যক্ষ/সুপার/শিক্ষক-কর্মচারীর এমপিও বাতিল/সাময়িক স্থগিত করতে হচ্ছে।

অনেক মাদ্রাসায় আইসিটি শিক্ষক/অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর/অফিস সহকারী কাম হিসাব সহকারী কর্মরত থাকা সত্ত্বেও শিক্ষার্থীদের আইসিটি/কম্পিউটার বিষয়ক পাঠদান কিংবা অফিস ব্যবস্থাপনার জন্য প্রিন্টারসহ নৃন্যতম ১ (এক)টি কম্পিউটার/লাপটপ নেই মর্মে প্রতিয়মান হয়েছে। ফলে শিক্ষার্থীদের আইসিটি/কম্পিউটার বিষয়ক পাঠদান কিংবা অফিস ব্যবস্থাপনার জন্য নিয়োক্ত পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন:

- (ক) গভর্নিংবিডি/ম্যানেজিং কমিটি কিংবা স্থানীয় জেলা পরিষদ/উপজেলা পরিষদ কিংবা স্থানীয় জনগণের সহায়তায় অথবা মাদ্রাসার নিজস্ব তহবিল হতে প্রত্যেক মাদ্রাসায় প্রিন্টারসহ কমপক্ষে ১ (এক)টি কম্পিউটারের ব্যবস্থাকরণ;
- (খ) মাদ্রাসায় প্রিন্টারসহ কম্পিউটার না থাকলে এখন থেকে প্রভাষক (আইসিটি)/সহকারী শিক্ষক (আইসিটি)/অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর/অফিস সহকারী কাম হিসাব সহকারীর শৃণ্গপদে নিয়োগের পদক্ষেপ গ্রহণ করা যাবে না।
- (গ) মাদ্রাসার দাপ্তরিক কাজ বাজারে বা দোকানের কম্পিউটার হতে সম্পাদন করা যাবে না;
- (ঘ) মেমিস অনলাইন সিস্টেমে এমপিও আবেদনসহ অন্যান্য কার্যক্রমের জন্য প্রদেয় পাসওয়ার্ড অধ্যক্ষ/সুপার ব্যতীত অন্য কোন ব্যক্তি/দোকানদারের নিকট থাকলে সংশ্লিষ্ট অধ্যক্ষ/সুপারের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ পদক্ষেপ গ্রহণ করা হবে;
- ২। এমতাবস্থায় উল্লিখিত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২০-০৭-২০২৩  
হাবিবুর রহমান  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

অধ্যক্ষ/সুপার, ..... (সকল বেসরকারি মাদ্রাসা)।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৬.২১.০০১.১৮.১০৮/১ (১১)

তারিখ: ৮ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ  
২৩ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব, (প্রশাসন ও অর্থ অনুবিভাগ)/(মাদ্রাসা অনুবিভাগ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;
- ২। বিভাগীয় কমিশনার, ..... (সকল);
- ৩। জেলা প্রশাসক, ..... (সকল);
- ৪। অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনসিটিউট, গাজীপুর/ সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা/সরকারি মাদ্রাসা-ই আলিয়া, সিলেট /সরকারি মোন্টফরিয়া আলিয়া মাদ্রাসা, বগুড়া;
- ৫। সকল কর্মকর্তা, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৬। সিনিয়র সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;

- ৭। উপজেলা নির্বাহী অফিসার, ..... (সকল);  
৮। জেলা শিক্ষা অফিসার, ..... (সকল);  
৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ..... (সকল);  
১০। সভাপতি, ম্যানেজিং কমিটি/গভর্নিং বুর্ড, ..... (সকল মাদ্রাসা) এবং  
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।



A handwritten signature in black ink, appearing to read 'Md. Golam Azam'.

২৫-০৭-২০২৩  
মোঃ গুলাতান আহমেদ  
সহকারী পরিচালক